গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আইসিটি শাখা
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা ১২০৭।
www.lged.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০২.০০০০.৬১১.১৮.০০২.১১.১৩

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮
১২ ডিসেম্বর ২০২১

বিষয়: **জাতীয় তথ্য বাতায়ন ও ইউনিট/প্রকল্পের ওয়েবসাইটে নিজ নিজ কার্যালয়ের তথ্য হালনাগাদকরণ প্রসংঙ্গে।**

সূত্র: ১) ৪৬.০২.০০০০.৬১১.১৮.০০২.১১.৫২৩, তারিখঃ ০৬/০৭/২০২০ ইং।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের তথ্য কমিশন ও এটুআই এর যৌথ উদ্যোগে প্রণীত “স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা” অনুযায়ী সকল সরকারী প্রতিষ্ঠানের ওয়েবসাইটের তথ্য নিয়মিত হালনাগাদকরণের বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে এলজিইডি'র সকল কার্যালয়ের জন্য জাতীয় ওয়েব পোর্টালের আওতায় পৃথক পৃথক ওয়েবসাইট করা হয়েছে। ইতিপূর্বে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে নিয়মিতভাবে ওয়েবসাইট হালনাগাদের জন্য বলা হয়। কিন্তু অনেক কার্যালয় থেকে এখনো তথ্য হালনাগাদ করা হয়নি। যার পরিপ্রেক্ষিতে এলজিইডি'র সামগ্রিক ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ন হচ্ছে। এমতাবস্থায়, **আগামী ২০/১২/২০২১ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে** আপনার কার্যালয়ের নিম্নোক্ত তথ্য (বাংলা ও ইংরেজি) এলজিইডি ওয়েবসাইটে হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

(১) **বিভাগ/ অঞ্চল/ জেলা/ উপজেলা কার্যালয়ের তথ্যঃ** এলজিইডি সম্পর্কিত, মিশন এবং ভিশন, সাংগঠনিক কাঠামো, অফিস প্রধান, কর্মকর্তাগণের তালিকা, কর্মচারীবৃন্দের তালিকা, তথ্য প্রদানকারী কর্মকর্তা, অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সেবার তালিকা, সিটিজেন চার্টার, ফটোগ্যালারি, বিভিন্ন আদেশ ও নোটিশ, টেন্ডার নোটিশ, মতামত ও পরামর্শ, যোগাযোগ।

( ২) **প্রকল্প কার্যালয়ের তথ্যঃ** About, Objective, Component, Implementation Strategy, Success Story, Annual Work Plan, Personnel Info, Project Activities.

(৩) **ইউনিট কার্যালয়ের তথ্যঃ** Resource, Personnel Info

নির্ধারিত সময়ে তথ্য হালনাগাদ করা না হলে কর্তৃপক্ষের আদেশ প্রতিপালনে ব্যর্থতার জন্য কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে। এ সংক্রান্ত যেকোন সহায়তার জন্য এমআইএস সেকশনের সিস্টেম এনালিস্ট, জনাব প্রশান্ত কুমার কবিরাজ (মোবাইল- ০১৭১৭৭৩৬৫৭৪) ও জনাব জিয়াউর রহমান, প্রোগ্রামার, মোবাইল- ০১৮১৭০৪৬১৮৮ এর সাথে যোগাযোগ করা যাবে।

**বিষয়টি অতীব জরুরী।**

১২-১২-২০২১
মোঃ আব্দুর রশীদ খান
প্রধান প্রকৌশলী
ফোন: +৮৮-০২-৫৮১৫২৮০২
ফ্যাক্স: +৮৮-০২-৪৪৮২৬২৬৫
ইমেইল: ce@lged.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতা ভিত্তিতে নয়। তাঁর আওতাধীন সকল কার্যালয়ের তথ্য হালনাগাদকরণের বিষয়টি তদারকি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সদর দপ্তর)
২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল বিভাগ)।
৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সদর দপ্তর)
৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল অঞ্চল)।
৫) প্রকল্প পরিচালক (সকল)

৬) নির্বাহী প্রকৌশলী (সকল জেলা)।

৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা। প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদানের জন্য বলা হলো।

৮) উপজেলা প্রকৌশলী (সকল উপজেলা)